**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**9 FEBRUARY 2025** **7:45—7:55 PM IST**

==========================================================================

১) নতুন দিল্লীর ভারত মন্ডপমে আগামীকাল পরীক্ষা পে চর্চার অষ্টম সংস্করণ । বরাক উপত্যকার তিন জেলার বিভিন্ন সরকারী ও বেসরকারী বিদ্যালয়ে এই অনুষ্ঠানের সরাসরি সম্প্রচারের ব্যবস্থা ।

২) এডভান্টেজ আসাম সম্মেলন ব্যবসার জন্য নব প্রজন্মের দক্ষতা বিকাশ করবে বলে মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মার আশা প্রকাশ ।

৩) মণিপুরের মূখ্যমন্ত্রী এন বীরেন সিংয়ের আজ মূখ্যমন্ত্রীর পদ থেকে পদত্যাগ ।

৪) জাতীয় ক্রীড়া সমারোহে পদক জয় করা আসামের বক্সিং দলটিকে আসাম বক্সিং সংস্থার বরঝার বিমানবন্দরে স্বাগত ।

---

পরীক্ষা পে চর্চার অষ্টম পর্ব আগামী কাল নতুন দিল্লীর ভারত মন্ডপমে অনুষ্ঠিত হবে । নতুন আঙ্গিকে অনুষ্ঠেয় এই পর্বে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সহ দেশের বিভিন্ন প্রান্তের নানা পেশার সঙ্গে জড়িত

বিশিষ্ট ব্যাক্তিরা নিজেদের অভিজ্ঞতা শিক্ষার্থীদের সঙ্গে বিনিময় করবেন । এই অনুষ্ঠান দূরদর্শন ছাড়াও স্বয়ম ,স্বয়ম প্রভা , প্রধানমন্ত্রী কার্যালয়ের ইউ টিউব চ্যানেল এবং তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়ের সামাজিক মাধ্যমে সরাসরি সম্প্রচার করা হবে । চলতি বছরে এই অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য প্রায় তিন কোটি  শিক্ষার্থী ,শিক্ষক ও অভিভাবক আবেদন জানিয়েছেন ।এরমধ্যে ৩৬ জন শিক্ষার্থী এই অনুষ্ঠানে প্রধানমন্ত্রী মোদীর সঙ্গে সরাসরি কথা বলতে পারবে । এই অনুষ্ঠানে পরীক্ষার সময় পরীক্ষার্থীদের সম্মুখীন হওয়া মানসিক চাপ দূর করার উপায় সম্পর্কে আলোকপাত করা হয় ।

---

হাইলাকান্দি জেলার শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে আগামীকাল প্রধানমন্ত্রীর পরীক্ষা পে চর্চা কার্যসূচীর সরাসরি সম্প্রচার দেখানো হবে ।হাইলাকান্দি শহরের এস এস কলেজে জায়েন্ট স্ক্রিনে সকাল ১১ টা থেকে জেলাস্তরে এই অনুষ্ঠানের সরাসরি সম্প্রচার করার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে । জেলার শিক্ষা বিভাগের পক্ষ থেকে সাংসদ , বিধায়ক , জেলা আয়ুক্ত ,জেলার আধিকারীক , শিক্ষাবিদ  সহ ছাত্রছাত্রীদের এই অনুষ্ঠানে অংশগ্রহণ করার আমন্ত্রণ জানানো হয়েছে । এছাড়া জেলার সব সরকারী ও বেসরকারী স্কুলে পরীক্ষা পে চর্চা অনুষ্ঠানটি দেখানোর ব্যবস্থা করা হয়েছে । বরাক উপত্যকার তিন জেলায় বিভিন্ন সরকারি ও বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে এই অনুষ্ঠানের সরাসরি সম্প্রচারের ব্যবস্থা করা হয়েছে,

অনুরূপভাবে কাছাড় এবং শ্রীভূমি জেলার সরকারী ও বেসরকারী স্কুলগুলোতেও আগামীকাল প্রধানমন্ত্রীর পরীক্ষা পে চর্চা অনুষ্ঠানটি সরাসরি দেখানোর জন্য ব্যবস্থ্া গ্রহণ করা হয়েছে ।

---

এডভান্টেজ আসামের দ্বিতীয় সংস্করণ নতুন প্রজন্মের বিনিয়োগকারীদের  বিনিয়োগের জন্য উপযুক্ত স্থান প্রদান করা সহ রাজ্যের নব প্রজন্মকে সময়োপযোগী বানিজ্যের জন্য দক্ষ করে তুলবে বলে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা আশা প্রকাশ করেন ।তিনি বলেন রাজ্যের বিনিয়োগ ও পরিকাঠামো উন্নয়নের জন্য আয়োজিত এই সম্মেলন দেশ বিদেশের বিনিয়োগকারীদেরকে আসামের সম্ভাব্য ক্ষেত্রসমুহে বিনিয়োগের প্রতি আকর্ষিত করা সহ নতুন প্রজন্মকে বিশেষ সুযোগ প্রদান করবে ।

---

রাজ্য সরকারের কেবিনেট মন্ত্রী পীযুষ হাজারিকা নতুন দিল্লীতে কেন্দ্রীয় সামাজিক ন্যায় ও সবলীকরণ মন্ত্রী ড.বীরেন্দ্র কুমারের সঙ্গে সাক্ষাৎ করে আসামে একটি দিব্যাঙ্গ বিশ্ববিদ্যালয় স্থাপন করার জন্য প্রস্তাব দিয়েছেন । দিব্যাঙ্গদের সামর্থ - শক্তিকে দেশ ও সামাজের নির্মাণ কাজে নিয়োজিত করার জন্য তাঁদেরকে শিক্ষা ও দক্ষতা ,বিকাশ ও কর্মসংস্থাপনের ক্ষেত্রে দিব্যাঙ্গ বিশ্ববিদ্যালয় উল্লেখযোগ্য ভূমিকা পালন করবে বলে মন্ত্রী শ্রী হাজারিকা উল্লেখ করেন । সমগ্র উত্তর-পূর্বাঞ্চলের উন্নয়নের প্রতি লক্ষ্য রেখে আসামে এধরণের একটি বিশ্ববিদ্যালয় স্থাপন করতে হবে বলেও তিনি কেন্দ্রীয় মন্ত্রীক প্রস্তাব দেন ।

---

কাজিরাঙ্গা জাতীয় উদ্যানে চলতি বছরে বাঘ নিরিক্ষণ করতে ক্যামেরা স্থাপন করার কাজ আরম্ভ করা হয়েছে ।উদ্যানটির লাউখোয়া বুঢ়াসাপরি সহ কয়েকটি এলাকায় এই কাজ সম্পন্ন হয়েছে বলে জাতীয় উদ্যানের ক্ষেত্র সঞ্চালক ডঃ সোনালী ঘোষ জানান ।তিনি বলেন যে পশু পাখীর বিচরণের সুবিধার্থে নিয়ন্ত্রিতভাবে ক্যামেরা স্থাপনের কাজ চলছে । গত বছর স্থাপন করা ক্যামেরা থেকে লাভ করা আট লক্ষ ছবি থেকে বাঘ গণনা প্রক্রিয়া অব্যাহত রয়েছে বলে তিনি জানান ।উদ্যানটিতে সম্প্রতি ১০৪ টি বাঘ রয়েছে বলে উল্লেখ করে আগামীদিনে বাঘের সংখ্যা বৃদ্ধি পাওয়ার সম্ভাবনা রয়েছে বলে তিনি জানান । উল্লেখ্য বিগত তিন মাসে এক লক্ষ ৯৬ হাজারেরও বেশী দেশী বিদেশী পর্যটক কাজিরাঙ্গা জাতীয় উদ্যান ভ্রমন করেছেন এদের মধ্যে ১ লক্ষ ৯০ হাজার ৪৭ জন দেশী এবং ৬ হাজার ৯২৩ জন বিদেশী পর্যটক রয়েছেন ।

---

গৌহাটীর জ্যোতি চিত্রবনে তিনদিনব্যাপী অনুষ্ঠিত গৌহাটী এশিয়ান চলচ্চিত্র মহোৎসবের আজ সমাপ্তি হয়েছে । মহোৎসবে আজ টিচ মি , সেকেন্ড চান্স , দ্য লাইট উইদ ইন , বাহাদুর দ্য ব্রেভ ইত্যাদি বেশ কয়েকটি সিনেমা প্রদর্শন করা হয় । এছাড়া চলচ্চিত্র পরিচালক ওনির উপস্থিতিতে এক আলোচক্রও অনুষ্ঠিত হয় । উল্লেখ্য মহোৎসবে বেশ কয়েকটি দেশের কুড়িটি নির্বাচিত চলচ্চিত্র প্রদর্শন করা সহ মহোৎসবের প্রতিযোগীতামূলক শাখায় উত্তর পূর্বাঞ্চলের কয়েকটি ছবি প্রদর্শিত হয়েছে ।

---

মণিপুরের মুখ্যমন্ত্রী এন বীরেন সিং আজ মুখ্যমন্ত্রীর পদ থেকে পদত্যাগ করেছেন ।আজ ইম্ফালের রাজভবনে তিনি রাজ্যপাল অজয় কুমার ভাল্লার হাতে তাঁর পদত্যাগপত্র তুলে দেন ।শ্রী সিং এর পূর্বে দিল্লীতে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের সঙ্গেও সাক্ষাৎ করেন ।

---

উত্তরাখন্ডে চলতি ৩৮তম জাতীয় ক্রীড়া  সমারোহে পদক জয় করা আসামের বক্সিং দলটি আজ গৌহাটীতে পৌছনোর পর বরঝারের লোকপ্রিয় গোপীনাথ বরদলৈ আর্ন্তজাতিক বিমানবন্দরে খেলোয়াড়দের স্বাগত জানানো হয় । আসাম বক্সিং সংস্থার সদস্যরা স্বর্ণপদক জয়ী অংকুশিতা বড়ো,রূপার রূপার পদক জয়ী শিব থাপা এবং অভিনব শইকিয়াকে স্বাগত ও সম্বর্ধনা জানান । ক্রীড়া সমারোহে ব্রোঞ্জের পদক জয়ী আইকন মিলিকেও সংস্থার পক্ষ থেকে সম্বর্ধনা জানানো হয় ।

---

কাছাড় জেলা কলারি পায়াত্তু এসোসিয়েশনের পক্ষ থেকে উত্তরাখন্ডের দেরাদূনে অনুষ্ঠিত ৩৮তম জাতীয় গেমসে দুটি পদক জয়ী হেমন্ত দাসকে সংবর্ধনা জানানো হয়  । আমাদের সংবাদদাতার সঙ্গে কথা বলতে গিয়ে পদক জয়ী হেমন্ত দাস আগামী দিনে আরো ভালো প্রদর্শন করা সহ পদক জয়ের চেষ্টা করবেন বলে জানিয়েছেন । সংবর্ধনা অনুষ্ঠানে সংস্থার পক্ষে সাধারন সম্পাদক রামজয় দাস , সহ-সভাপতি অপূর্ব চক্রবর্তী প্রমূখ উপস্থিত ছিলেন । উল্লেখ্য হেমন্ত দাস জাতীয় গেমসে কালারিপাত্তু-তে দুটি ব্রোঞ্জ পদক অর্জন করেছেন ।

---

উত্তর-পূর্ব সীমান্ত রেল গ্রাহক পরিষেবা উন্নত করতে এবং প্রত্যন্ত অঞ্চলের লোকেদের জন্য অত্যাবশ্যকীয় সামগ্রী দ্রুত পৌঁছে দিতে নিরলসভাবে কাজ করে যাচ্ছে । সীমান্ত রেল চলতি বছরের জানুয়ারী মাসে ইতিমধ্যে শূন্য দশমিক ৯-৪-২ মিলিয়ন টন পণ্য সামগ্রী লোডিং করেছে । যা গত বছরের একই সময়ের তুলনায় উল্লেখ্য যোগ্য বৃদ্ধি হয়েছে । পণ্য লোডিং-এর ক্ষেত্রে ধারাবাহিক এই বিকাশ উত্তর-পূর্বাঞ্চলের অর্থনৈতিক উন্নয়নের প্রতিফলন ঘটিয়েছে বলে সীমান্ত রেল সূত্রে জানানো হয়েছে ।

---

শিলচর কেশব স্মারক সমিতির ব্যাবস্থাপনায় আজ শিলচর গুরুচরণ কলেজ প্রেক্ষাগৃহে প্রীতম ভট্টাচার্য স্মারক বক্তৃতা শৃঙ্খলার অষ্টম বক্তৃতা প্রদান অনুষ্ঠানের আয়োজন করা হয় ।এই অনুষ্ঠানে ২০২৩-২৪ শিক্ষাবর্ষের নির্ধারিত ৬টি বিভাগে কৃতী ছাত্র ছাত্রীদের পুরস্কার প্রদান করা হয় এবং তাঁদের ভবিষ্যত পরিকল্পনার ক্ষেত্রে উৎসাহ প্রদান করা হয় । অনুষ্ঠানে বর্তমান বিশ্ব পরিস্থিতিতে রাষ্ট্র বিরোধী বিমর্শ ও তার মায়াজাল শীর্ষকে স্মারক বক্তৃতা প্রদান করেন কোলকাতা থেকে আগত বিশিষ্ট বক্তা সপ্তর্ষি বসু । কেশব স্মারক সমিতির সভাপতি মৃদুল কুমার ধরের পৌরহিত্যে অনুষ্টানে বিশিষ্ট শিক্ষাবিদ তথা আসাম বিশ্ববিদ্যালয়ের সংস্কৃত বিভাগের প্রাক্তন অধ্যাপক শঙ্কর ভট্টাচার্য ও রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘের দক্ষিণ আসাম প্রান্তের প্রান্ত সংঘচালক জ্যোৎস্নাময় চক্রবর্তী সহ বিশিষ্ট ব্যাক্তিরা উপস্থিত ছিলেন ।

---

শিলচর সংসঙ্গ বিহারে দু দিন ব্যাপী কার্য্যসূচীর মাধ্যমে ঠাকুর অনুকূল চন্দ্রের ১৩৭তম জন্ম মহোৎসব এবং ৪৭তম শ্রী বিগ্রহ প্রতিষ্ঠা বার্ষিকী উৎসব আজ সমাপ্ত হয়েছে । আজ ব্রাহ্ম মুহির্তে নহবৎ , উষা কীর্তনের

পর সমবেত প্রার্থনা , নামজপ , ধর্মগ্রন্থ পাঠ এবং বর্নাঢ্য শোভাযাত্রা অনুষ্ঠিত হয়েছে । এদিকে সংসঙ্গের বর্তমান আচার্য্যদেব অর্কজ্যোতি চক্রবর্তী শিলচরে অবস্থান করছেন ।

---

পাঞ্জাব ন্যাশনেল ব্যাঙ্ক পরিচালিত প্রশিক্ষন কেন্দ্র পি এন বি আর সেটি কাছাড়ের উদ্যোগে এবং বেসরকারী স্বেচ্ছাসেবী সংগঠন নংগিন , ইউনাইটেড নর্থ ইষ্ট চ্যারিটেবল ট্রাষ্ট , মৈতে এন্টারপ্রেনরস এবং বিশ্ব মৈতে কাউন্সিলের সহযোগীতায় গতকাল ফুলেরতলের টাইকোন্ডা এসোসিয়েশনের কক্ষে প্রশিক্ষন কর্মশালা অনুষ্টিত হয়েছে । কর্মশালায় প্রধানমন্ত্রী সুরক্ষা যোজনা , প্রধানমন্ত্রী মুদ্রা যোজনা , প্রধানমন্ত্রী জীবন জ্যোতি বীমা যোজনা নিয়ে আলোচনা করা হয়েছে ।

---

লায়ন্স ক্লাব অব শিলচর ভিশনের উদ্যোগে এবং ধলছড়ার আনন্দমার্গ প্রচারক সংঘের সহযোগীতায় আগামী কাল ধলছড়া অফিস টিলা খেলার মাঠে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । শিবির শুরু হবে সকাল ১০টায় ।

---

---